# ৫ম সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

**আয়োজক :** অ্যালামনাই এসোসিয়েশন, ঢাকা গভ. মুসলিম হাই স্কুল
**তারিখ :** ১৬ আগস্ট ২০২৫, শনিবার
**স্থান :** স্কুল অডিটোরিয়াম
**সময় :** বিকাল ৫:৩০ মি: (বাদ আসর)

**সভাপতিত্ব**

সভায় সভাপতিত্ব করেন অ্যালামনাই এসোসিয়েশনের মাননীয় সভাপতি **জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ**।

**মঞ্চে উপবিষ্ট শ্রদ্ধেয় ব্যক্তিবর্গ**

- জনাব সুজাউদ্দিন আহমেদ (ব্যাচ-১৯৬০)
- জনাব ডা. মোঃ শামসুজ্জামান (ব্যাচ-১৯৭২)
- জনাব হাজী মোঃ জাফর, সহ-সভাপতি (ব্যাচ-১৯৭৪)
- জনাব আসলাম পারভেজ মিঠু, মহাসচিব (ব্যাচ-১৯৮৮)
- জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ, সভাপতি (ব্যাচ-১৯৮৩)

**সঞ্চালনা**

সভা সঞ্চালনার দায়িত্বে ছিলেন **সাংগঠনিক সচিব জনাব মোঃ এমদাদ-উল-হক** ।

**আলোচ্যসূচি**

১. অ্যালামনাই এসোসিয়েশনের গতিশীলতা আরও বৃদ্ধির ব্যাপারে উন্মুক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
২. অ্যালামনাই এসোসিয়েশনের ওয়েবসাইট প্রদর্শন ও এর ব্যবহার বিষয়ে আলোচনা।
৩. বিবিধ।

**সভার সূচনা**

- সভার শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত করেন **জনাব মুফতি মোঃ ইসহাক, কোষাধ্যক্ষ** ।
- ৪র্থ সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করেন, **জনাব আসলাম পারভেজ মিঠু, মহাসচিব**। কোন সংশোধন ছাড়াই সর্বসম্মতভাবে ৪র্থ সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

## ৫ম সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

আলোচনা ও মতামত

**১. সভাপতি, জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ :**

- ওয়েবসাইট এক্সপার্ট এর সাথে ওয়েবসাইটের ব্যবহার ও সুবিধা উপস্থাপন করেন। তিনি জানান, এই ওয়েবসাইটের মাধ্যমে এসোসিয়েশনের অতীত, বর্তমান ও ভবিষ্যতের সদস্যদের তথ্যসহ সকল কিছু পাওয়া যাবে।
- তিনি তিন ধরণের প্রিভিলেজ কার্ড (সিলভার, গোল্ড ও প্লাটিনাম) প্রদর্শন করেন এবং জানান, অ্যালামনাই এসোসিয়েশনের সদস্যরা চুক্তিবদ্ধ কোম্পানি থেকে বিশেষ ছাড় ও সুবিধা পাবেন।
- সাধারণ সভায় উপস্থিত সদস্যদের সামনে সভাপতি সাহেব অ্যালামনাই এসোসিয়েশন সফটওয়্যারের মাধ্যমে অন-লাইন পেমেন্টের পরিক্ষামুলক তিনটি (বাৎসরিক ফি, ইভেন্ট ফি, ডোনেশন) পেমেন্ট করেন।
- অ্যালামনাই এসোসিয়েশন সফটওয়্যারের মাধ্যমে অন-লাইন পেমেন্টের প্রদর্শন করেন। এসোসিয়েশন সদস্যরা অন-লাইন এর মাধ্যমে অতিদ্রুত সময়ের মধ্যে তাদের যে কোন পেমেন্ট প্রদান করতে পারবেন এবং পেমেন্টের পর তাদের টাকা সরাসরি এসোসিয়েশনের ব্যাংক হিসাবে জমা হবে। পেমেন্টের পর মোবাইলে একটি কর্নফারমেশন এস এম এস মেসেজ পাবে এবং মানি রিসিপ অন-লইন থেকে ডাউনলোড করে নিতে পারবেন।

**২. সহ-সভাপতি, জনাব এ.টি.এম. কামাল হোসেন :**

- ওয়েবসাইটের সিকিউরিটি ও ব্যয়ভার সম্পর্কে প্রশ্ন তোলেন।
- সাব কমিটির মাধ্যমে সকল সদস্যের মতামতের বৃত্তিতে অ্যালামনাই এসোসিয়েশন সফটওয়্যার, ওয়েবসাইট, প্রিভিলেজ কার্ড পরিক্ষা নিরিক্ষা করার সিদ্ধান্ত গ্রহন করা যেতে পারে।
- অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন অফিস নেওয়ার বিষয়ে প্রস্তাব করেন।

**৩. সাজ্জাদ হোসেন (ব্যাচ-১৯৯৪) :**

- কারা প্রিভিলেজ কার্ড পাবেন তা পরিষ্কার করা প্রয়োজন। তিনি সদস্যদের নিজ নিজ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে চুক্তি প্রক্রিয়া সহজ করার আহ্বান জানান।

**৪. নির্বাহী সদস্য, জনাব মোঃ মুহিত হোসেন :**

- কার্ডের মেয়াদ ও সুবিধাসমূহ নিয়ে আলোচনা করেন।
- অ্যালামনাই অ্যাসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাই স্কুল, জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে প্রস্তাব করেন।

**৫. শ্রদ্ধেয় জনাব শওকত আলী (ব্যাচ-১৯৭৩) :**

- প্রিভিলেজ কার্ডে "১৫০ বছর" লোগো ব্যবহারের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তোলেন।
- অ্যালামনাই অ্যাসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাই স্কুল, জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে প্রস্তাব করেন।
- অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন অফিস নেওয়ার বিষয়ে প্রস্তাব করেন।

**৬. সিনিয়র সহ-সভাপতি, জনাব মোঃ মাসুদ রেজা :**

- সংগঠনের আর্থিক বিষয়ে গুরুত্বারোপ করেন এবং সকলে দায়িত্বশীল হওয়ার আহ্বান জানান। তিনি সহ-সভাপতি এ.টি.এম. কামাল হোসেন ও জনাব মোহাম্মদ মুসার প্রশংসা করেন।
- অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন অফিস নেওয়ার বিষয়ে প্রস্তাব করেন।

# ৫ম সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

**৭. সহ-সভাপতি, জনাব মোহাম্মদ মুসা :**

- ওয়েবসাইটের প্রশংসা করেন এবং স্কুলের ইতিহাস ও কৃতী প্রাক্তন শিক্ষার্থীদের নাম যুক্ত করার পরামর্শ দেন। তিনি সদস্যদের নিয়মিত করার ব্যাপারে জোর আহবান জানান।
- অ্যালামনাই অ্যাসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাই স্কুল, জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে প্রস্তাব করেন।

**৮. জনাব মোঃ মাসুদ দেওয়ান (ব্যাচ-১৯৯৩) :**

- আজীবন সদস্য হওয়ার ঘোষণা দেন।
- তিনি সাধারণ সভায় উপস্থিত সদস্যদের সামনে এসোসিয়েশনের বাৎসরিক ফি ৫০০ টাকা অন-লাইন সফটওয়্যারের মাধ্যমে পেমেন্ট করেন।
- জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে প্রস্তাব করেন।
- অ্যাসোসিয়েশনের নতুন অফিস নেওয়ার বিষয়ে প্রস্তাব করেন।

**৯. জনাব কাজী এ.বি.এম কামাল (ব্যাচ-১৯৬৬) :**

- বার্ষিক চাঁদা পরিশোধ করার আহবান করনে।
- জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে প্রস্তাব করেন।

**১০. মহাসচিব, জনাব আসলাম পারভেজ মিঠু (ব্যাচ-১৯৮৮)**

- সভাপতির দৃষ্টি আকর্ষণ করে বলেন অ্যালামনাই এসোসিয়েশন সফটওয়্যার, ওয়েবসাইট ও প্রিভিলেজ কার্ডের জন্য দুটি কমিটি ঘোষণা দেওয়ার জন্য। যাতে করে তাদের সুচিন্তিত পরিকল্পনায় কাজ গুলো সুন্দর বাস্তবায়ন করা যেতে পারে।
- তিনি সবার উদ্দেশ্যে বলেন যাদের নিকট স্কুলের পুরাতন ভবনের ছবি কিংবা স্কুল সম্পর্কিত স্মৃতিময় ছবি যদি থাকে জমা দেওয়ার আহবান করা হয়, তা আবার ওয়েবসাইটে লোড পূর্বক ফেরত দেওয়া হবে।
- আজীবন সদস্য হওয়ার ও চাঁদা পরিশোধ করার জন্য দুজনকে তিনি শুভেচ্ছা ও ধন্যবাদ জানান।
- আজকের সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি সবাইকে অভিনন্দন জানান ও যারা উপস্থিত হতে পারেননি তাদেরকে আগামী সভায় উপস্থিত হওয়ার জন্য বিশেষ অনুরোধ করে তার বক্তব্য শেষ করেন।

**সভাপতির বক্তব্য – কাজী মোহাম্মদ রহমতউল্লাহ**

- সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য অ্যালামনাই এসোসিয়েশনের সকল সদস্য, কর্মকর্তাবৃন্দ এবং অতিথিদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।
- অ্যালামনাই এসোসিয়েশন সফটওয়্যার, ওয়েবসাইট এবং প্রিভিলেজ কার্ড এর ডেমো প্রদর্শন করেন। উক্ত ডেমো দেখার জন্য সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।
- অ্যালামনাই এসোসিয়েশন সফটওয়্যার, ওয়েবসাইট এবং প্রিভিলেজ কার্ড যাচাই বাচাই করার জন্য সর্বসম্মতিক্রমে আলাদা আলাদা দু'টি সাব-কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহন করা হয়।

# ৫ম সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

- অ্যালামনাই অ্যাসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাই স্কুল, জেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিবন্ধনের বিষয়ে প্রস্তাব করা হলে, সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয়।
- অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন অফিস নেওয়ার বিষয়ে প্রস্তাব করা হলে, সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের সকল সদস্যদের ঐক্যবদ্ধ ও সক্রিয় থেকে আর্থিক, সামাজিক ও সাংগঠনিক কার্যক্রমকে আরও গতিশীল ও সফল ভাবে এগিয়ে নেওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান।
- সর্বশেষ সকল সদস্যকে সভায় উপস্থিত থেকে মূল্যবান মতামত উপস্থাপন করার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল